অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/24/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে দুইটি মুখ্য নবায়নযোগ্য শক্তি প্রকল্পের অনুমোদন ঘোষণা করলেন

নবায়নযোগ্য শক্তি প্রকল্পগুলি 380টির বেশি কর্মসংস্থান সৃষ্টি এবং 123,000টি বাসার বিদ্যুতায়ন করবে বলে আশা করা যাচ্ছে

2021 সাল থেকে ORES 18টি বৃহৎ আকারের নবায়নযোগ্য শক্তি প্রকল্পের অনুমোদন প্রদান করেছে

জলবায়ু সপ্তাহের উদযাপনে, গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের নবায়নযোগ্য শক্তি সাইটিং এবং বৈদ্যুতিক ট্রান্সমিশন অফিস (Office of Renewable Energy Siting and Electric Transmission, ORES) রিচ রোড সৌর শক্তি কেন্দ্র (Rich Road Solar Energy Center) এবং প্র্যাটসবার্গ উইন্ড এলএলসি (Prattsburgh Wind LLC) প্রকল্পের জন্য চূড়ান্ত সাইটিং অনুমতি প্রদান করেছে। যথাক্রমে সেইন্ট লরেন্স এবং স্টুবেন কাউন্টিতে অবস্থিত সৌর ফার্ম এবং বায়ু ফার্ম নিউ ইয়র্কের বৈদ্যুতিক গ্রিডে সম্মিলিতভাবে 387 মেগাওয়াট (megawatt, MW) পরিচ্ছন্ন, নবায়নযোগ্য শক্তি যোগ করবে, যা 123,000টির বেশি গড় আকারের বাসায় বিদ্যুৎ প্রদান করবে। উভয় ফ্যাসিলিটি স্টেটের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যে উল্লেখযোগ্যভাবে অবদান রাখবে এবং একই সাথে স্থানীয় সম্প্রদায়সমূহের জন্য অর্থনৈতিক সুবিধা প্রদান করবে।

"এই দুইটি বিশাল নবায়নযোগ্য শক্তি প্রকল্প হলো একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে স্থানান্তর করার ক্ষেত্রে আমাদের অগ্রগতির প্রধান উদাহরণ," **গভর্নর হোকল বলেন।** "এই সাইটিং অনুমতিগুলি প্রদান করার মাধ্যমে আমরা নর্থ কান্ট্রি এবং সাউদার্ন টিয়ারে ভালো বেতনের চাকরি তৈরি করছি, এবং একই সাথে আমাদের পরিবার ও ব্যবসাসমূহের জন্য পরিচ্ছন্ন টেকসই শক্তি প্রদান করছি।"

রিচ রোড সৌর প্রকল্পের নির্মাতাদের অনুমান অনুযায়ী 240 MW এর সৌর ফার্ম, যেখানে সম্পূরক হিসেবে সেইন্ট লরেন্স কাউন্টির ক্যান্টন টাউনে অবস্থিত অতিরিক্ত 20 MW এর ব্যাটারি শক্তি স্টোরেজ ব্যবস্থা (battery energy storage system, BESS) থাকবে, তা 61,000 এর বেশি গড় আকারের বাসায় বিদ্যুৎ প্রদান করতে সক্ষম শক্তি উৎপাদন করবে। স্টুবেন কাউন্টির প্র্যাটসবার্গ, অ্যাভোকা, কোহক্টন, হাওয়ার্ড, এবং হুইলার টাউনজুড়ে অবস্থিত 147

MW এর বায়ু প্রকল্প প্র্যাটসবার্গ বায়ু ফার্মটি 62,000 বাসায় বিদ্যুৎ প্রদান করার জন্য পর্যাপ্ত শক্তি উৎপাদন করবে বলে এর নির্মাতারা ধারণা করছে।

আজকের ঘোষণাটি হলো এই মাসে ORES এর জারি করা দ্বিতীয় ও তৃতীয় মুখ্য নবায়নযোগ্য শক্তি ফ্যাসিলিটির অনুমতি। একত্রে এই প্রকল্প দুইটির কারণে 2021 সাল থেকে ORES অনুমোদিত বৃহৎ আকারের নবায়নযোগ্য শক্তি প্রকল্পের মোট সংখ্যা হলো 18, যা 2.7 গিগাওয়াটের বেশি পরিচ্ছন্ন শক্তির প্রতিনিধিত্ব করে। নিউ ইয়র্কের জলবায়ু সপ্তাহের সময় এই অনুমোদন প্রদান করা হলো, যা পরিচ্ছন্ন শক্তি উদ্যোগ অগ্রসর করতে স্টেটের অব্যাহত নেতৃত্বের উপর আলোকপাত করে এবং স্টেটের জলবায়ু লক্ষ্য অর্জনে কাজ করার ব্যাপারে এর প্রতিশ্রুতিকে পাকাপোক্ত করে।

নবায়নযোগ্য শক্তির সাইটিং এবং বৈদ্যুতিক ট্রান্সমিশন অফিসের অন্তর্বর্তীকালীন নির্বাহী পরিচালক জেসিকা ওয়ালডর্ফ বলেন, "আজকের ঘোষণাটি একটি পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তর এবং নবায়নযোগ্য শক্তি সংস্থানের দায়িত্বশীল সাইটিং ও বিকাশের ব্যাপারে স্টেটের অব্যাহত প্রতিশ্রুতি প্রদর্শন করে। রিচ রোড সৌর শক্তি কেন্দ্র এবং প্র্যাটসবার্গ উইন্ড এলএলসি প্রকল্পসমূহ বৈদ্যুতিক গ্রিডে উল্লেখযোগ্য পরিমাণ পরিচ্ছন্ন শক্তি এবং স্থানীয় সম্প্রদায়সমূহের জন্য লাভ প্রদানকে সমর্থন করবে, এবং একই সাথে পরিবেশের উপর উল্লেখযোগ্য পরিমাণ বিরূপ প্রভাবের প্রশমন করবে।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) অন্তর্বর্তীকালীন কমিশনার শন মাহার বলেন, "সেইন্ট লরেন্স এবং স্টুবেন কাউন্টিতে আজকে ঘোষিত প্রকল্প দুইটির মতো বায়ু ও সৌর বিকাশের বাস্তবায়ন হলো একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিকে অগ্রসর করতে এবং জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act, CLCPA) লক্ষ্য অর্জনের ব্যাপারে গভর্নর হোকলের প্রতিশ্রুতির একটি অতি গুরুত্বপূর্ণ অংশ। সবুজ শক্তির প্রয়োগ ত্বরান্বিত করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো সবুজ একটি ভবিষ্যৎ নিশ্চিত কর্কটে জলবায়ু পরিবর্তনের দ্বারা সৃষ্ট কাঠিন্যের সমাধান করতে গভর্নর ও ORES এর প্রয়াসের জন্য DEC তাদের প্রশংসা করছে।"

নিউ ইয়র্কের ক্লিন এনার্জি অ্যালায়েন্সের (Alliance for Clean Energy New York) নির্বাহী পরিচালক মার্গারিট ওয়েলস বলেন, "অনলাইনে আসা প্রত্যেক মেগাওয়াট পরিচ্ছন্ন বিদ্যুৎ হলো জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে নিউ ইয়র্কবাসীর জন্য একটি বিজয়, এবং তা আমাদের স্টেটের জন্য দীর্ঘস্থায়ী অর্থনৈতিক লাভ নিয়ে আসে। এইসব সাইটিং অনুমতি প্রদান করার জন্য আমরা স্টেট এবং ORES কে ধন্যবাদ জানাচ্ছি এবং যেদিন একটি সুইচ অন করে এইসব গুরুত্বপূর্ণ প্রকল্প থেকে শক্তি সরবরাহ করা যাবে সেই দিনটির জন্য আমরা উন্মুখ।"

নিউ ইয়র্ক কনজার্ভেশন ভোটার্স লীগের (New York League of Conservation Voters) প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন, "জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রতিদিন আরো নিদারুণ হয়ে পড়ছে, তাই শুধু নবায়নযোগ্য শক্তির ব্যাপারে কথা বলা আমাদের জন্য আর যথেষ্ট নয়, আমাদেরকে মাঠপর্যায়ে বাস্তব প্রকল্প প্রদান করতে হবে, এবং তাই গভর্নর হোকল এবং ORES এর দলকে রিচ রোড সৌর শক্তি কেন্দ্র এবং প্র্যাটসবার্গ উইন্ড প্রকল্পসমূহের জন্য অনুমোদন

দিতে দেখে আমরা আনন্দিত। একত্রে তারা যেই 387 মেগাওয়াট পরিচ্ছন্ন শক্তি প্রদানের প্রতিশ্রুতি দিচ্ছে যা আমাদের CLCPA দায়বদ্ধতা পূরণে এবং আমাদের প্রয়োজনীয় পরিচ্ছন্ন শক্তি অর্থনীতিতে স্থানান্তরের ক্ষেত্রে নিউ ইয়র্কের জন্য আরেকটি গুরুত্বপূর্ণ ধাপ।"

রিচ রোড সৌর ফার্মের আবেদনটি 3 জানুয়ারি তারিখে সম্পূর্ণ হিসেবে গণ্য করা হয়, এবং 4 মার্চ তারিখে ORES একটি খসড়া অনুমতি প্রদান করে। এর পর একটি পুঙ্খানুপুঙ্খ, যথাসময়ের, এবং স্বচ্ছ পর্যালোচনা প্রক্রিয়া সম্পন্ন হয় যেখানে জনগণের মতামত গ্রহণের সময়কাল ও শুনানি হয়েছে। ফ্যাসিলিটিতে থাকবে একক-অ্যাক্সিস ট্র্যাকার রেকিং ব্যবস্থায় তিনটি মাটিতে বসানো সৌর PV অ্যারে, একটি 34.5 কিলোভোল্ট (kilovolt, kV) থেকে 345 kV পর্যন্ত সংগ্রহের সাবস্টেশন, এবং একটি আন্তঃসংযোগ সুইচইয়ার্ডের পয়েন্ট। ফ্যাসিলিটির নির্মাণকাজ 300টি পূর্ণকালীন চাকরি তৈরি করবে, এবং পরিচালনার সময় চারটি স্থায়ী পদ তৈরি হবে। প্রকল্পটি আগামী 35 বছরে ক্যান্টন টাউন, স্টুবেন কাউন্টি, এবং স্থানীয় স্কুল জেলাসমূহে 24 মিলিয়ন মার্কিন ডলার সরাসরি পেমেন্ট করবে বলে আশা করা যাচ্ছে।

প্র্যাটসবার্গ বায়ু ফার্মের আবেদনটি 30 অক্টোবর, 2023 তারিখে সম্পূর্ণ হিসেবে গণ্য করা হয়, এবং 29 ডিসেম্বর, 2023 তারিখে ORES একটি খসড়া অনুমতি প্রদান করে। আনুমানিক 53 একর স্থানে, যার অধিকাংশ গ্রামীণ জমি, 36টি বায়ু টার্বাইন এবং সংশ্লিষ্ট অবকাঠামো নিয়ে প্রকল্পটি গঠিত হবে। প্রকল্পটি স্থানীয় মিউনিসিপ্যালিটিগুলির জন্য বার্ষিক 1.2 মিলিয়ন মার্কিন ডলার কর রাজস্ব এবং জমির মালিকদের জন্য প্রত্যক্ষ লীজ এবং প্রতিবেশী চুক্তির পেমেন্ট হিসেবে 500,000 মার্কিন ডলারের বেশি তৈরি করবে। পাশাপাশি, নির্মাণ চলাকালে এটি 81টি অনসাইট চাকরি এবং পরিচালনার সময় আটটি পূর্ণকালীন চাকরি তৈরি করবে।

জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্য পূরণ করতে নিউ ইয়র্কের বৃহত্তর কৌশলের জন্য উভয় প্রকল্প অপরিহার্য, আইন অনুযায়ী 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য বিদ্যুৎ এবং 2040 সালের মধ্যে একটি নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করা বাধ্যতামূলক। পাশাপাশি, উভয় প্রকল্পকে এক বছরের কম সময়ে অনুমোদিত করা হয়েছে, যা আইনের অধীনে আবশ্যিক।

রিচ রোড সৌর এবং প্ল্যাটসবার্গ বায়ু প্রকল্প, এবং সেই সাথে অন্যান্য ORES অনুমিত ফ্যাসিলিটি সম্পর্কে আরো জানার জন্য ORES এর ওয়েবসাইট ভিজিট করুন এখানে https://dps.ny.gov/ores-permit-applications।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ

এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, এর মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন, এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা পর্যন্ত করা হবে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো ক্লিন এনার্জিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 61টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের ক্লিন এনার্জি খাতে 170,000 এরও বেশি চাকরি এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 130টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটিকে নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন